



WEST BENGAL STATE UNIVERSITY
B.A. Honours 5th Semester Examination, 2020, held in 2021

BNGACOR12T-BENGALI (CC12)

Time Allotted: 2 Hours

Full Marks: 50

প্রাস্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নেরমান নির্দেশ করে।
পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।

১। প্রতিটি একক থেকে একটি করে মোট চারটি প্রশ্নের (প্রতিটি অনধিক ৩০০ শব্দে) উত্তর দাওঃ ১০ × ৪ = ৪০

একক -১

(ক) উপন্যাসের লক্ষণাক্রান্ত হয়েও মানস বৈশিষ্ট্যে 'নষ্টনীড়' ছোটগল্প-ই হয়ে উঠেছে। — আলোচনা করো। ১০

অথবা

(খ) জৈবতা নয়, শুদ্ধ প্রেমে উত্তরণের গল্প 'শেষকথা।' — মন্তব্যটি কতদূর গ্রহণযোগ্য তা বুঝিয়ে দাও। ১০

একক-২

(গ) আগ্রাসী ধর্মযাজকতন্ত্র এবং আরণ্যক মানুষের আত্মরক্ষার সংগ্রাম সুবোধ ঘোষের 'চতুর্থ পাণিপথের যুদ্ধ' গল্পের মূল উপজীব্য। — আলোচনা করো। ১০

অথবা

(ঘ) অর্থ, গোত্র, মানুষের অধঃপতনকে 'গোত্রান্তর' গল্পে লেখক কীভাবে রূপায়িত করেছেন, কাহিনি অনুসরণে তা' আলোচনা করো। ১০

একক -৩

(ঙ) বাংলা সাহিত্যের কৌতুক রসাত্মক রচনার এক বিরল উপস্থাপনা প্রভাতকুমার মুখোপাধ্যায়ের 'রসময়ীর রসিকতা।' — মন্তব্যটির গ্রহণযোগ্যতা বিশ্লেষণ করো। ১০

অথবা

(চ) ইতিহাসের পটভূমিতে আধুনিক জীবনের প্রেম-সম্পর্কের অপূর্ব চিত্রায়ণ 'রক্তসন্ধ্যা।' — আলোচনা করো। ১০

একক - ৪

(ছ) মহাভারতের দ্রৌপদী ও জয়া মিত্রের ঝুমলা কোন তাৎপর্যে সমীকৃত হয়ে যায় — 'দ্রৌপদী' গল্পটি বিশ্লেষণ প্রসঙ্গে তা' দেখাও। ১০

অথবা

(জ) 'গোয়' গল্পের নামকরণ কতখানি স্বাতন্ত্র্যচিহ্নিত তা' নির্দেশ করো। ১০

- ২। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ (প্রতিটি অনধিক ১৫০ শব্দ) ৫×২= ১০
- (ক) ‘ঠাকুর, বউ গেলে বউ পাইব কিন্তু আমার ভাই ফাঁসি গেলে আর তো ভাই পাইব না।’ ৫
— প্রসঙ্গ উল্লেখ করে বক্তার এই মন্তব্যের তাৎপর্য লেখো।
- (খ) ‘জগদলের সমাধি খনন চলেছে, যেন কোদাল আর শাবলের শব্দ।’ ২+৩
— প্রসঙ্গ উল্লেখ করে ‘জগদল’ শব্দটির নিহিত তাৎপর্য বিশ্লেষণ করো।
- (গ) ‘... মোহরগুলি পাইয়া আমার যেন স্বর্গলাভ হইল।’ ১+৪
— কোন ‘মোহরগুলির’ কথা বলা হয়েছে? মোহর নিয়ে কী কাণ্ড হয়েছিলো সংক্ষেপে লেখো।
- (ঘ) ‘শব্দহীন সেই চরাচরে বসে অনুভব করলাম, আমাদের মায়ের সৎকার যেন এইমাত্র সমাধা হলো।’ ৫
— কোন্ পরিপ্রেক্ষিতে এই উপলব্ধির সীমানায় পৌঁছনো — তা’ বুঝিয়ে দাও।

N.B. : *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*

—x—